**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

**ঢাকা, বুধবার ৩০ নভেম্বর ২০১৬, ১৬ অগ্রহায়ণ ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। বাংলাদেশের সঙ্গে সহযোগিতার নতুন দ্বার উন্মোচন হচ্ছে
: প্রধানমন্ত্রীর সঙ্গে হাঙ্গেরির প্রেসিডেন্টের বৈঠক

২। বাংলাদেশ ও হাঙ্গেরির মধ্যে ৩টি সমঝোতা স্মারক স্বাক্ষর : বুদাপেস্টে দুই প্রধানমন্ত্রীর বৈঠক

৩। হাঙ্গেরির জাতীয় বীরদের প্রতি প্রধানমন্ত্রীর শ্রদ্ধা

৪। বাংলাদেশের উদার বিনিয়োগ নীতির সুযোগ নিন : হাঙ্গেরির ব্যবসায়ীদের প্রতি প্রধানমন্ত্রী

৫। সরকার রোহিঙ্গাদের মানবিক সহায়তা করছে : স্বরাষ্ট্রমন্ত্রী

৬। সরকারি কর্মকর্তাদের গাফিলতি থাকলে ব্যবস্থা নেওয়া হবে : স্বাস্থ্যমন্ত্রী

৭। গণমাধ্যম জঙ্গি রাজাকারের পক্ষ নিতে পারে না : তথ্যমন্ত্রী

৮। শ্রমিকদের অধিকার রক্ষায় খাতভিত্তিক ট্রেড ইউনিয়ন করা হবে : শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী

৯। প্রধানমন্ত্রী শেখ হাসিনার জন্য শুক্রবার বিশেষ প্রার্থনা

১০। সরকারি হাইস্কুলে ভর্তি কার্যক্রম শুরু আজ

১১। ভারতের প্রতিরক্ষামন্ত্রী আসছেন আজ

১২। আয়কর দিবস আজ

চলমান পাতা-২

১। **বাংলাদেশের সঙ্গে সহযোগিতার নতুন দ্বার উন্মোচন হচ্ছে : প্রধানমন্ত্রীর সঙ্গে হাঙ্গেরির প্রেসিডেন্টের বৈঠক**

বাংলাদেশে চিকিৎসা, প্রযুক্তি ও কৃষি বিজ্ঞানসহ বিভিন্ন ক্ষেত্রে শিক্ষার্থীদের জন্য নতুন বৃত্তি কর্মসূচি প্রবর্তনের প্রস্তাব দিয়েছেন হাঙ্গেরির প্রেসিডেন্ট ড. জানোস আদের। তার এই প্রস্তাবে বাংলাদেশের সঙ্গে সহযোগিতার নতুন দ্বার উন্মোচন হলো। গত ২৮ নভেম্বর সোমবার সান্দর প্যালেসে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে বৈঠকে হাঙ্গেরির প্রেসিডেন্ট ড. জানোস আদের এই প্রস্তাব দেন। বাংলাদেশের প্রধানমন্ত্রী বুদাপেস্ট পানি শীর্ষ সম্মেলন-২০১৬ তে অংশ নিতে চারদিনের সরকারি সফরে এখন হাঙ্গেরিতে অবস্থান করছেন। বৈঠক শেষে পররাষ্ট্র সচিব এম শহীদুল হক বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে আনুষ্ঠানিক বৈঠকে হাঙ্গেরির প্রধানমন্ত্রী ভিক্টর অরবান এই বৃত্তি কর্মসূচি ঘোষণা করবেন। এ ছাড়া প্রেসিডেন্ট আদের মৎস্য চাষ (পিসিকালচার) এবং জলজ উদ্ভিদ ও জীব-জন্তুর বংশবিস্তারের (একুয়াকালচার) ক্ষেত্রে বাংলাদেশ সরকারকে সহযোগিতা করবেন। আদের বলেন, পানি পরিশোধন ও বন্যা আক্রান্ত এলাকায় বাংলাদেশকে সহায়তা করতে চায় হাঙ্গেরি। পররাষ্ট্র সচিব বলেন, এ প্রস্তাবে হাঙ্গেরির সঙ্গে সহযোগিতার নতুন দরজা উন্মোচিত হলো। এম শহীদুল হক বলেন, বাংলাদেশের প্রধানমন্ত্রী প্রেসিডেন্ট প্যালেসে পৌঁছলে হাঙ্গেরির প্রেসিডেন্ট ড. জানোস আদের এসে তাকে আন্তরিক অভ্যর্থনা জানান। তিনি বলেন, বৈঠকে হাঙ্গেরির সঙ্গে সম্পর্ক আরো জোরদার হয়েছে, বাংলাদেশের সঙ্গে হাঙ্গেরি নতুন কিছু করতে আগ্রহী। সূত্র-**ইত্তেফাক** (পৃ. ১, ক. ১), **সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **অবজারভার** (পৃ.১,ক.৪), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.২)। **জনকণ্ঠ, অবজারভার, বাংলাদেশ টুডে** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

২। **বাংলাদেশ ও হাঙ্গেরির মধ্যে ৩টি সমঝোতা স্মারক স্বাক্ষর : বুদাপেস্টে দুই প্রধানমন্ত্রীর বৈঠক**

কৃষি, পানিব্যবস্থাপনা তথা বাণিজ্য ও বিনিয়োগের ক্ষেত্রে সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে তিনটি সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষর করেছে বাংলাদেশ ও হাঙ্গেরি। গতকাল ২৯ নভেম্বর মঙ্গলবার হাঙ্গেরির পার্লামেন্ট ভবনে দুই দেশের প্রধানমন্ত্রীর মধ্যে দ্বিপক্ষীয় বৈঠক শেষে এই সমঝোতা স্মারকগুলো স্বাক্ষরিত হয়। স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও হাঙ্গেরির প্রধানমন্ত্রী ভিক্টর অরবান উপস্থিত ছিলেন। এছাড়া বাংলাদেশ এবং হাঙ্গেরি ভবিষ্যতে সম্পর্ক পুনঃস্থাপন এবং অর্থনৈতিক সম্পর্ক জোরদারে সহযোগিতার পাঁচটি ক্ষেত্র শনাক্ত করেছে। সূত্র-**প্রথম আলো** (পৃ. ২, ক. ২), **সমকাল** (শেষ পৃ.,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৪), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১)।
**সমকাল, যুগান্তর, জনকণ্ঠ, অবজারভার, ডেইলি স্টার, নিউ এজ, এশিয়ান এজ**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

৩। **হাঙ্গেরির জাতীয় বীরদের প্রতি প্রধানমন্ত্রীর শ্রদ্ধা**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল সিটি পার্কের 'হিরোস-স্কয়ার' এ হাঙ্গেরির জাতীয় বীরদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। তিনি পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে হাঙ্গেরি রাষ্ট্র প্রতিষ্ঠায় প্রাণোৎসর্গকারী বীরদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। প্রধানমন্ত্রী এ সময় সেখানে সম্মান প্রদর্শনের স্মারক হিসেবে এক মিনিট দাঁড়িয়ে নীরবতা পালন করেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ৪ দিনের সরকারি সফরে গত ২৭ নভেম্বর রোববার হাঙ্গেরি পৌঁছেছেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.১), **নিউ নেশন** (পৃ.২,ক.৬)।

৪। **বাংলাদেশের উদার বিনিয়োগ নীতির সুযোগ নিন : হাঙ্গেরির ব্যবসায়ীদের প্রতি প্রধানমন্ত্রী**

বিদেশিদের ব্যবসার জন্য দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে বাংলাদেশের নীতি সবচেয়ে উদার জানিয়েদ এ সুযোগ নিতে হাঙ্গেরির ব্যবসায়ীদের প্রতি আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল ২৯ নভেম্বর মঙ্গলবার বুদাপেস্টে বাংলাদেশ-হাঙ্গেরি বিজনেস ফোরামের এক অনুষ্ঠানে এ আহ্বান জানান তিনি। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, দক্ষিণ এশিয়ায় আমাদের বিনিয়োগ নীতি সবচেয়ে উদার। ব্যবসার জন্য খরচও তুলনামূলক কম। ইইউ, অস্ট্রেলিয়া, কানাডা, ভারত, জাপান ও নিউজিল্যান্ডের বাজারে আমাদের পণ্যের কোটা ও শুল্কমুক্ত প্রবেশাধিকার রয়েছে। এছাড়া আটটি শতভাগ রফতানিমুখী ইপিজেড এবং একশটি অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার কার্যক্রম চলার কথাও জানান প্রধানমন্ত্রী। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.২,ক.২)।

**৫। সরকার রোহিঙ্গাদের মানবিক সহায়তা করছে : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, আমাদের পাশের দেশ মিয়ানমার। সেখানে রোহিঙ্গা মুসলমানদের ওপর নিপীড়ন চলছে। তারা বাধ্য হয়ে মাতৃভূমি ত্যাগ করছে। আসার সময় নানা বিপদসংকুল পরিস্থিতিতে আসছে। আমরা তাদের মানবিক সহায়তা করছি। পরিস্থিতি শান্ত হলে তাদের ফেরত পাঠানো হবে। স্বরাষ্ট্রমন্ত্রী গতকাল ২৯ নভেম্বর মঙ্গলবার মৌলভীবাজারের বড়লেখা থানার নবনির্মিত ভবন উদ্বোধনের পর তিনি এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১৯,ক.১)।

**৬। সরকারি কর্মকর্তাদের গাফিলতি থাকলে ব্যবস্থা নেওয়া হবে : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, ভেজাল প্যারাসিটামল সেবনে শিশুমৃত্যুর মামলায় সব আসামির খালাস পাওয়ার পেছনে সরকারি কর্মকর্তাদের গাফিলতি পাওয়া গেলে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। এই ঘটনার সঙ্গে জনগণের স্বার্থ সংশ্লিষ্টতা রয়েছে, জনগণের জীবনমানের প্রশ্ন এ সঙ্গে জড়িত। এ বিষয়ে কোনো ছাড় দেওয়ার প্রশ্নই ওঠে না। গতকাল ২৯ নভেম্বর মঙ্গলবার সচিবালয়ে ওষুধ প্রশাসনের কর্মকর্তাদের সঙ্গে বৈঠকের পর মন্ত্রী এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ. পৃ, ক. ১), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **প্রথম আলো** (পৃ.৩,ক.৫)।

**৭। গণমাধ্যম জঙ্গি রাজাকারের পক্ষ নিতে পারে না : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, গণমাধ্যম হোঁচট খেলে গণতন্ত্র হোঁচট খাবে। রাজনীতিবিদরা ভুল করতে পারে, তবে গণমাধ্যম ভুল করতে পারে না। গণমাধ্যম সমালোচনায় মুখর হবে কিন্তু খলনায়কের ভূমিকা পালন করতে পারে না। কারণ গণমাধ্যম গণতন্ত্রের প্রতিপক্ষ নয়। গতকাল ২৯ নভেম্বর মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী সিনেট ভবনে গণযোগাযোগ ও সাংবাদিকতা বিষয়ক প্রথম জাতীয় সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.২,ক.২), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.৩), **ডেইলি স্টার** (পৃ.৪,ক.১)।

**৮। শ্রমিকদের অধিকার রক্ষায় খাতভিত্তিক ট্রেড ইউনিয়ন করা হবে : শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী**

শ্রমিকদের অধিকার রক্ষা ও তাদের নানা দাবি আদায়ে দেশে খাতভিত্তিক ট্রেড ইউনিয়ন করে দেওয়া হবে বলে জানিয়েছেন শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী মো. মুজিবুল হক চুন্নু। একই সঙ্গে বাংলাদেশের তৈরি পোশাক শিল্পের উন্নয়নে সহযোগিতা বৃদ্ধিতে ডেনমার্কের আগ্রহের পাশাপাশি কারখানার বর্তমান কর্মপরিবেশ বিষয়ে রাষ্ট্রদূত সন্তোষ প্রকাশ করেছেন বলে জানান তিনি। গতকাল ২৯ নভেম্বর মঙ্গলবার সচিবালয়ে শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী মো. মুজিবুল হকের সঙ্গে ডেনমার্কের রাষ্ট্রদূত মিকাইল হেমনিটি উইনথারের সাক্ষাৎ শেষে তিনি এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.৪), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.৬), **অবজারভার** (পৃ.১০,ক.২)।

**৯। প্রধানমন্ত্রী শেখ হাসিনার জন্য শুক্রবার বিশেষ প্রার্থনা**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে, আওয়ামী লীগ আগামী শুক্রবার সারা দেশে বিশেষ প্রার্থনার কর্মসূচি গ্রহণ করেছে। গতকাল ২৯ নভেম্বর মঙ্গলবার দলের পক্ষ থেকে পাঠানো এক বিজ্ঞপ্তিতে এ কর্মসূচির কথা জানানো হয়। গত ২৭ নভেম্বর রোববার হাঙ্গেরি সফরকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও তাঁর সফরসঙ্গীদের বহনকারী উড়োজাহাজে যান্ত্রিক ত্রুটি দেখা দেয়। দলীয় প্রধানের এই বিপদমুক্তিতে শুকরিয়া আদায় করার জন্যই আওয়ামী লীগ এ কর্মসূচি নিয়েছে। সূত্র-**প্রথম আলো** (পৃ.২,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.১১,ক.৮), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৩)।

**১০। সরকারি হাইস্কুলে ভর্তি কার্যক্রম শুরু আজ**

ঢাকা মহানগরীসহ দেশের সকল সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে আজ বুধবার মধ্যরাত ১২টায় ভর্তির আবেদন শুরু হচ্ছে। তবে যে সব উপজেলায় বিদ্যুৎ ও ইন্টারনেট সেবা অপ্রতুল তারা ইচ্ছে করলে আগের পদ্ধতিতেই তাদের ভর্তি কার্যক্রম চালাতে পারবে। আগামী ১২ ডিসেম্বর রাত ১২টা পর্যন্ত অনলাইনে এই আবেদনের সুযোগ রাখা হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ. ২, ক. ৬), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৪), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.১)।

**১১। ভারতের প্রতিরক্ষামন্ত্রী আসছেন আজ**

আজ ভারতের প্রতিরক্ষামন্ত্রী শ্রী মনোহর গোপালকৃষ্ণ প্রভু পারিকারের নেতৃত্বে **১১** সদস্যের একটি প্রতিনিধিদল ঢাকায় আসছে। ভারতের কোনো প্রতিরক্ষামন্ত্রীর এটাই প্রথম বাংলাদেশ সফর। ২ দিনের সফরে দু'দেশের নিরাপত্তা এবং বিদ্যমান সুসম্পর্ক ও সহযোগিতা বৃদ্ধি সংক্রান্ত নানা বিষয়ে আলোচনা করবে প্রতিনিধিদলটি। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৭), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.৮), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৮)।

**১২। আয়কর দিবস আজ**

আজ ২০১৬-১৭ অর্থবছরের আয়কর দিবস পালনের মধ্য দিয়ে ব্যক্তিশ্রেণির আয়কর বিবরণী (রিটার্ন) দাখিলের বর্ধিত সময় শেষ হচ্ছে। এ উপলক্ষে বাণী দিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ উপলক্ষে নানা কর্মসূচির আয়োজন করেছে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)।এছাড়া আয়করের টাকা জমা নিতে সংশ্লিষ্ট ব্যাংকগুলোকে রাত ৮টা পর্যন্ত খোলা রাখার নির্দেশ দিয়েছে বাংলাদেশ ব্যাংক। আজকের পর আয়কর রিটার্ন দাখিলের সময় কোনোক্রমেই আর বাড়ানো হচ্ছে না বলে জানিয়েছে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)। এরপর থেকে কেউ রিটার্ন দিতে চাইলে নির্দিষ্ট ফরমে আবেদন করে এনবিআরের কাছে সময় চেয়ে নিতে হবে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.২), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.৫)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** স্কুলগামী ৩৩ শতাংশ শিক্ষার্থী তার শিক্ষাপ্রতিষ্ঠান ও আশপাশের পরিবেশকে অনিরাপদ মনে করার পরিপ্রেক্ষিতে সঠিকভাবে স্কুলের পরিবেশের নিরাপত্তা আনয়নে যথাযথ পদক্ষেপ গ্রহণ করার সুপারিশ।

খ. **সংবাদ, যুগান্তর , ডেইলি স্টার, ডেইলি সান :** নিম্নমানের ও ভেজাল প্যারাসিটামল সেবনে ২৮ শিশুমৃত্যুর ঘটনায় করা মামলায় রিড ফার্মাসিউটিক্যালসের মালিকসহ পাঁচ কর্মকর্তা বেকসুর খালাস পাওয়ার ঘটনার জড়িত ওষুধ প্রশাসনের দায়ীদেরসহ ওষুধ ভেজালকারীদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়ার আহ্বান।

গ. **জনকণ্ঠ, এশিয়ান এজ, অবজারভার :** ময়মনসিংহের ফুলবাড়িয়া বিশ্ববিদ্যালয় কলেজ জাতীয়করণের আন্দোলনের বিষয় তুলে ধরে স্কুল-কলেজ জাতীয়করণের নীতিমালার শর্ত পূরণে ব্যর্থ প্রতিষ্ঠানকে বাদ দিয়ে জাতীয়করণের লক্ষ্যে তৈরি কলেজের তালিকা পুনর্মূল্যায়ন করার ওপর গুরুত্বারোপ।

ঘ. **প্রথম আলো :** পটুয়াখালীর বাউফল উপজেলার ৯ নম্বর উত্তর-পূর্ব মদনপুরার ঝুঁকিপূর্ণ সরকারি প্রাথমিক বিদ্যালয়কে দ্রুত পরিত্যক্ত ঘোষণা করে নতুন স্কুল ভবন নির্মাণের প্রত্যাশা।

ঙ. **সমকাল :** সাভারের চামড়া শিল্পনগরীর বর্জ্যে ধলেশ্বরী নদী দূষণের শিকার হওয়ায় অবিলম্বে নতুন চামড়া শিল্পনগরীর দূষণ বন্ধে সর্বাত্মক ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

চ. **যুগান্তর, ভোরের কাগজ :** প্রধানমন্ত্রীকে বহনকারী বিমানের যান্ত্রিক ত্রুটির ঘটনার সুষ্ঠু তদন্ত জরুরী বলে অভিমত।

চ. **ডেইলি স্টার :** হলমার্ক কেলেঙ্কারি, ডেসটিনির অর্থ জালিয়াতি, রুপালি ব্যাংকের ঋণ জালিয়াতি ইত্যাদি ঘটনা ব্যাংকিং সেক্টরকে নাড়িয়ে দিয়েছে উল্লেখ করে রাষ্ট্রায়ত্ত ব্যাংকগুলোর নানা আর্থিক অনিয়ম এবং দুর্নীতি এ খাতের উন্নয়ন ও স্থিতিশীলতাকে বাধাগ্রস্ত করবে বলে আশঙ্কা প্রকাশ।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান খুলতে এখন থেকে সরকারের অনুমতি নিতে হবে এ সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে এখনকার বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানগুলোর বাণিজ্যিক দৃষ্টিভঙ্গির কারণে শিক্ষার মান কমে যাচ্ছে উল্লেখ করে এ ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয়কে শিক্ষার মান বৃদ্ধিতে আশু পদক্ষেপ গ্রহণের আহ্বান।

জ. **ডেইলি সান :** দক্ষ মানবসম্পদের অভাবে এবং কিছু অসাধু চিকিৎসক ও কর্মচারির কারণে হাসপাতালগুলোর জরুরি বিভাগ অকার্যকর হয়ে পড়ায় চিকিৎসাসেবা প্রত্যাশীদের চরম দুর্দশা ও দুর্ভোগ পোহাতে হচ্ছে উল্লেখ করে এ অবস্থার উন্নয়নে অসাধু চিকিৎসক ও কর্মচারীদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নেওয়ার আহ্বান।

ঝ. **ফিনানশিয়াল এক্সপ্রেস :** ঢাকার ট্রাফিক ব্যবস্থাপনা রাজনৈতিক ছত্রছায়ায় বাস মালিকদের দৌরাত্ম্য, অসংখ্য অপ্রয়োজনীয় রুট, যাত্রীদের কাছ থেকে অস্বাভাবিক ভাড়া আদায়, চালকদের বেপরোয়া গাড়ি চালনা ইত্যাদি নানা সমস্যায় জর্জরিত হয়ে যাত্রীদের চরম ভোগান্তির কারণ হচ্ছে উল্লেখ করে যথাযথ কর্তৃপক্ষকে ট্রাফিক আইনকানুন সঠিকভাবে প্রয়োগের পরামর্শ।

## উপ-সম্পাদকীয়

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত কলামে বাংলাদেশের সাথে অভিন্ন ৫৪টি নদীতে বাঁধ নির্মাণ করে ভারত একটি জাতীয় পানিগ্রিড নির্মাণের যে পরিকল্পনা বাস্তবায়ন করছে তা বাংলাদেশের জন্য নিশ্চিত ভাবেই মরণফাঁদ বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'শিক্ষকের মানবিক উদারতা ও প্রতিবন্ধী শিশু'** শিরোনামের নিবন্ধে শরীফুল্লাহ মুক্তি এ বছর পিইসি ও জেডিসি পরীক্ষ দিয়ে প্রতিবন্ধী শিশুরা প্রমাণ করে দিল সুযোগ পেলে আর দশটি সুস্থ শিশুর মতো তারাও সমাজের সার্বিক কর্মকাণ্ডে অংশগ্রহণে সফলতার পরিচয় দিতে সক্ষম বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ডালিয়া/ফাহিমা/শুকলা/মরজিনা/রশীদ/তানিয়া/২০১৬/৯.০০ ঘণ্টা

**সম্পাদকীয়**

ক. **প্রথম আলোঃ**

খ. **ইত্তেফাক :**

গ. **জনকণ্ঠ :**

ঘ. **সংবাদ :**

ঙ. **যুগান্তর :**

চ. **ডেইলি স্টারঃ**

ছ. **ইন্ডিপেনডেন্ট :**

জ. **ডেইলি সান, ডেইলি স্টার :**

ঝ. **নিউ এজ, নিউ নেশন :**

ঞ. **ফিনানশিয়াল এক্সপ্রেস :**

**উপ-সম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে

**নিবন্ধ ও ফিচার**

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত **'----------------------'** শিরোনামের নিবন্ধে ---------------------------------

------অভিমত প্রকাশ করেছেন।